গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০(খন্ড-১)/০৪১২(৫৫৫) তারিখ: ০৮.০১.২০২৪ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৩ সালের ৬ষ্ঠ থেকে ১০ম এবং ২০২২-২৩ শিক্ষাবর্ষের ১২শ শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তির ধারাবাহিকতা রক্ষায় উপবৃত্তির জন্য অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ প্রসংগে।**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৩ সালে উপবৃত্তিপ্রাপ্ত ৬ষ্ঠ থেকে ১০ম ও সমমান শ্রেণি এবং ২০২২-২৩ শিক্ষাবর্ষের ১২শ ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যারা (১) সমাপনী পরীক্ষায় ৪৫% এর নিচে কম নম্বর, (২) বছরে গড়ে ৭৫% এর নিচে ক্লাসে উপস্থিতি, (৩) শেষ একাডেমিক স্তর ৮ম/১০ম/১২শ অতিক্রান্ত, (৪) বিবাহিত/অধ্যয়নরত না থাকা (বিদেশ গমন বা মৃত্যু) এবং (৫) অন্যান্য কারণে উপবৃত্তি প্রাপ্তির ধারাবাহিকতা রক্ষায় অযোগ্য তাদের স্ট্যাটাস HSP-MIS সফটওয়্যারে পরিবর্তনের দ্বারা নিষ্ক্রিয়করণের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

২। উপরোল্লিখিত এক বা একাধিক শর্ত ভঙ্গ বা প্রতিপালন না করার কারণে উপবৃত্তির ধারাবাহিকতা রক্ষায় অযোগ্য শিক্ষার্থীদের হালনাগাদ স্ট্যাটাস শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ কার্যক্রম আগামী ২৫.০১.২০২৪ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে সম্পূর্ণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নয় এমন শিক্ষার্থীদের অবশ্যই নিষ্ক্রিয় করতে হবে।

৩। **শিক্ষার্থীর স্ট্যাটাস পরিবর্তন করে নিষ্ক্রিয় করার নিয়মাবলী-**

(১) HSP-MIS সফটওয়্যারের URL (লিংক): https://hsp.pmeat.gov.bd/HSP-MIS/login-এ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রবেশ;
(২) ড্যাশবোর্ড এর মেনুবারে "উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী" বাটনে ক্লিক;
(৩) "শিক্ষার্থী স্ট্যাটাস পরিবর্তন" বাটনে ক্লিক;
(৪) 'খুজুন' বাটনে ক্লিক করা;
(৫) যে সকল শিক্ষার্থী অযোগ্য হবে তাদের নামের শেষে "সম্পাদন" (কলম আইকন) বাটনে ক্লিক;
(৬) "শিক্ষার্থীর বর্তমান স্ট্যাটাস" অপশনে ড্রপডাউন বক্সে 'নিষ্ক্রিয়' অপশন সিলেক্ট;
(৭) স্ট্যাটাস পরিবর্তনের কারণ যেমন- ৪৫% এর নিচে কম নম্বর প্রাপ্তি, ৭৫% এর নিচে ক্লাসে উপস্থিতি, শেষ একাডেমিক স্তর ৮ম/৯ম/১০ম অতিক্রম, বিবাহিত, অন্যান্য ইত্যাদিয় প্রযোজ্য এক বা একাধিক নির্বাচন করতে হবে;
(৮) পরবর্তীতে মন্তব্যের ঘরে নিষ্ক্রিয়করণের সুনির্দিষ্ট কারণ উল্লেখ করতে হবে;
(৯) সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

৪। উপবৃত্তির ধারাবাহিকতা রক্ষায় অযোগ্য শিক্ষার্থীদের স্টাট্যাস HSP-MIS সফটওয়্যারে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক নিষ্ক্রিয়করণের বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিবিড়ভাবে মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয়করণে ব্যর্থ হলে অথবা কোন অযোগ্য শিক্ষার্থী উপবৃত্তির অর্থ পেলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য কমিটিসহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৫। শিক্ষা প্রতিষ্ঠান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক ব্যবহৃত HSP-MIS এর জন্য প্রাতিষ্ঠানিক আইডি পাসওয়ার্ড দিয়ে লগইন করতে ব্যর্থ হলে "পাসওয়ার্ড ভুলে গেছেন" লিখিত অংশে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মোবাইল নম্বরে (যা HSP-MIS সফটওয়্যারে ব্যবহার করা হয়েছে) OTP প্রেরণের মাধ্যমে পাসওয়ার্ড পুনঃস্থাপন করতে হবে। এ ক্ষেত্রে অবশ্যই শিক্ষা প্রতিষ্ঠান অথবা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক HSP-MIS সফটওয়্যারে প্রদত্ত ইউজার প্রোফাইলে নাম ও মোবাইল নম্বরসহ যাবতীয় তথ্যাদি হালনাগাদ থাকতে হবে।

৬। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান উপরোল্লিখিত প্রক্রিয়ায় পাসওয়ার্ড পুনঃস্থাপনে ব্যর্থ হলে শিক্ষা প্রতিষ্ঠানের প্যাডে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক লিখিত আবেদন উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে প্রেরণপূর্বক পাসওয়ার্ড সংগ্রহ করা যাবে।

০৮/০২/২৪

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৫। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS & iBASS++ স্কিম, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। সকল কর্মকর্তা/কর্মচারী, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক পত্রের মর্মানুযায়ী কার্যক্রম নিবিড় পরিবীক্ষণের অনুরোধসহ)।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান।
১১। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (শিক্ষা প্রতিষ্ঠানের জন্য HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তন অপশন চালুকরণ ও পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়।
www.seo.atwari.panchagarh.gov.bd

স্মারক নং- উ:মা:শি:অ:কা/আটো/পঞ্চ/২০২৩/০৩(৬১)

তারিখ- ২৫ পৌষ ১৪৩০ ব. / ০৯ জানুয়ারি ২০২৪ খ্রি.।

**প্রাপক,**

**প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)**, ...................................... ..........., আটোয়ারী, পঞ্চগড়।

(উপরিউক্ত পত্রের মর্মানুযায়ী আপনার প্রতিষ্ঠানে ২০২৩ সালের ৬ষ্ঠ থেকে ১০ম এবং ২০২২-২৩ শিক্ষাবর্ষের ১২শ শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তির ধারাবাহিকতা রক্ষায় উপবৃত্তির জন্য অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস আগামী **২৫/০১/২০২৪** খ্রি. তারিখের মধ্যে পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করণ করার জন্য অনুরোধ করা হলো।)

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।**

০১। জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়।
০২। অফিস কপি।

০৯/০১/২০২৪

(লুৎফুল কবির মোঃ কামরুল হাসান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
আটোয়ারী, পঞ্চগড়।
ফোন: 02589942808
Email: atwariuseo.bd@gmail.com